দৈনিক ইনকিলাব

তারিখ ... MAY 30 1999

পৃষ্ঠা ২ কলাম ৫

520

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের দ্বার মাদ্রাসা ছাত্রদের জন্য বন্ধ করে দেয়া হচ্ছে

**স্টাফ রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ের দ্বার মাদ্রাসা ছাত্রদের জন্য বন্ধ করে দেয়া হচ্ছে। ক্রমেই বাস্তবায়িত হচ্ছে এ ষড়যন্ত্র। এবার বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষ অনার্স শ্রেণীতে ভর্তির ক্ষেত্রে মাদ্রাসা ছাত্রদের সাথে চরম বৈষম্যমূলক আচরণ করা হয়েছে। কোন রকম পূর্বঘোষণা ছাড়াই মাদ্রাসা ছাত্রদেরকে সকল যোগ্যতা পূরণ করা সত্ত্বেও ইংরেজী, অর্থনীতি, সাংবাদিকতা, সমাজবিজ্ঞান ও সমাজকল্যাণ এ ৫টি গুরুত্বপূর্ণ বিষয়ে ভর্তি হতে দেয়া হচ্ছে না। উল্টো কলা অনুষদের 'খ' ইউনিটের ভর্তি কমিটির কোন কোন সদস্য ভর্তিচ্ছু মাদ্রাসা ছাত্রদের বিষয় বাছাইয়ের সময় বলছেন, 'হুজুরদের এসব বিষয় পড়ার দরকার নেই।' আরো কয়েক বছর আগেই বাংলা বিভাগে মাদ্রাসা ছাত্রদের ভর্তি বন্ধ করে দেয়া হয়। এবার কৌশলে অন্য ৫টি বিষয়ে তাদের ভর্তি হবার সুযোগ দেয়া হচ্ছে না। এই বিভাগগুলোতে আসন খালি থাকা সত্ত্বেও প্রয়োজনীয় মেধাক্রমধারী মাদ্রাসা ছাত্রদের সেগুলো বাদ দিয়ে জোর করে অন্য বিষয়ে ভর্তি হতে বাধ্য করা হচ্ছে। এতে ভর্তিচ্ছু ছাত্ররাসহ ক্যাম্পাসে সাধারণ ছাত্র শিক্ষকদের মাঝে ক্ষুব্ধ প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে।

ভর্তিচ্ছু ছাত্ররা অভিযোগ করছে, কলা অনুষদের ডীন প্রফেসর কাজী শহীদুল্লাহ বলেছেন, সংশ্লিষ্ট বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী মাদ্রাসা ছাত্রদের ঐ বিভাগে ভর্তি বন্ধ করা হয়েছে। ভর্তিচ্ছুদের উচ্চ মাধ্যমিক পর্যায়ে বাংলা ও ইংরেজীতে ২০০ নম্বর করে না থাকলে ইংরেজী বা সাংবাদিকতায় ভর্তি করা হবে না। অথচ কোন বিভাগ বা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এমন সিদ্ধান্ত নেয়নি।

ভর্তির জন্য ইতোপূর্বের ঘোষিত ভর্তি নির্দেশিকায় বাংলা ও অর্থনীতি বিভাগে ভর্তির জন্য প্রার্থীর উচ্চ মাধ্যমিক স্তরে বাংলা ও ইংরেজীতে ২০০ নম্বরের শর্ত দেয়া থাকলেও ইংরেজী ও সাংবাদিকতার ক্ষেত্রে এমন শর্ত দেয়া হয়নি।